মেহেরপুরে জাতীয় ভোটার দিবস উপলক্ষে আলোচনা সভা

‘ভোটার হব নিয়ম মেনে, ভোট দিব যোগ্যজনে’ এই প্রতিপাদ্যকে সামনে রেখে মেহেরপুরে পালিত হয়েছে জাতীয় ভোটার দিবস ২০২৩।

জাতীয় ভোটার দিবস উপলক্ষে মেহেরপুরে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জাতীয় ভোটার দিবসের আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা নির্বাচন অফিসার মোঃ ওয়ালিউল্লাহ’র সভাপতিত্বে জেলা প্রশাসন ও জেলা নির্বাচন অফিসের উদ্যোগে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (প্রসাশন) জামিরুল ইসলাম। সদর উপজেলা রিটানিং কর্মকর্তা দোলন কান্তি চক্রবর্তী।

এছাড়াও উপস্থিত ছিলেন স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃধা মোহাম্মদ মোজাহিদুল ইসলাম, জেলা আনসার কমান্ড্যান্ট সাহাদাত হোসেন, জেলা শিক্ষা অফিসার মাহফুজুল হোসেন, জেলা ক্রীড়া অফিসার আরিফ আহমেদ, জেলা ইসলামিক ফাউন্ডেশন এর উপ-পরিচালক সিরাজুম মনির, জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ পরিচালক নীলা হাফিয়া প্রমুখ ।

মেহেরপুর পুলিশ মেমোরিয়াল ডে পালিত

কর্তব্যের তরে, করে গেলে যাঁরা, আত্মবলিদান প্রতিক্ষণে স্মরি, রাখিব ধরি, তোমাদের সম্মান ”এ প্রতিপাদকে মেহেরপুর জেলা পুলিশের উদ্দ্যেগে কর্তব্যরত অবস্থায় জীবন উৎসর্গকারী পুলিশ সদস্যদের স্মরণে “পুলিশ মেমোরিয়াল ডে-২০২৩” পালিত হয়েছে।

গতকাল বুধবার মেহেরপুর জেলা পুলিশ লাইন্স মাঠে বাংলাদেশ পুলিশে কর্তব্যরত অবস্থায় জীবন উৎসর্গকারী পুলিশ সদস্যদের স্মরণে যথাযথ মর্যাদায় ‘পুলিশ মেমোরিয়াল ডে-২০২৩’পালন করা হয়।

পুলিশ লাইন্স মাঠে স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ ও স্যালুট জানিয়ে কর্তব্যরত অবস্থায় জীবন উৎসর্গকারী পুলিশ সদস্যদের প্রতি সম্মান প্রদর্শন ও শ্রদ্ধা নিবেদন করেন পুলিশ সুপার মোঃ রাফিউল আলম পিপিএম।

এসময় উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (প্রসাশন) জামিরুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) আজমল হোসেন, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা শেখ মইনুল আহমেদ, মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মেহেদি রাসেল, গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আব্দুর রাজ্জাক, মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা সাইফুল আলমসহ মেহেরপুর জেলার বিভিন্ন ইউনিট কর্মকর্তা।

পরে পুলিশ লাইন্স ড্রিল সেডে কর্তব্যরত অবস্থায় জীবন উৎসর্গকারী পুলিশ সদস্যদের পরিবারবর্গকে সম্মাননা প্রদান ও স্মরণ সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় পুলিশ সুপার কর্তব্যরত অবস্থায় জীবন উৎসর্গকারী পুলিশ সদস্যদের পরিবারের খোঁজখবর নেন এবং যেকোন প্রয়োজনে পাশে থাকার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।

গত ২৬ ফেব্রুয়ারি ২০২৩ কর্তব্যরত অবস্থায় ২০২২ সালে জীবন উৎসর্গকারী পুলিশ সদস্যের পরিবারকে বাংলাদেশ পুলিশের সম্মানিত ইন্সপেক্টর জেনারেল চৌধুরী আবদুল্লাহ আল-মামুন, বিপিএম (বার), পিপিএম মহোদয় কর্তৃক প্রদত্ত নগদ অর্থ, উপহার সামগ্রী ও সম্মাননা ক্রেস্ট প্রদান করেন পুলিশ সুপার মোঃ রাফিউল আলম ।

মুজিবনগরে ১ বছরের সাজা

প্রাপ্ত আসামি গ্রেফতার

মুজিবনগরে সি আর মামলার এক বছরের সাজা প্রাপ্ত আসামি উপজেলার মানিকনগর গ্রামের হানিফ আলীর ছেলে সেন্টু মিয়াকে গ্রেফতার করেছে মুজিবনগর থানা পুলিশ।

বৃহস্পতিবার দুপুরে গোপন সংবাদের ভিত্তিতে এসআই উত্তম কুমার এর নেতৃত্বে কেদারগঞ্জ বাজার হতে সাজাপ্রাপ্ত ওয়ারেন্ট ভুক্ত আসামী সেন্টু কে গ্রেফতার করা হয়।

গ্রেফতার কৃত আসামি কে বিকেলে কোর্টে প্রেরণ করা হয়েছে।

আমদহ ইউপি নির্বাচনে ৩ নং ওয়ার্ডের মেম্বার পদপ্রার্থী দরুদ আলীর নির্বাচনী প্রচারনা

মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়ন পরিষদ নির্বাচনে ৩ নং ওয়ার্ড মেম্বার পদপ্রার্থী দরুদ আলীর ফুটবল প্রতীকের নির্বাচনী প্রচারনা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সন্ধ্যায় বামনপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠ প্রাঙ্গণ থেকে শুরু করে বন্দর, বামন পাড়া দুই শতাধিক মোটরসাইকেল নিয়ে সোডাউন ও ফুটবল প্রতীকের প্রচার প্রচারণা করেন।

নির্বাচনের পূর্ব মুহুর্তে প্রচার প্রচারণা আর পরিচিতি লাভ করার জন্য ব্যাপক ভাবে গনসংযোগ করে বেড়াচ্ছেন তিনি। গ্রামের নতুন ভোটারদের ভোটের মাঠে আকৃষ্ট করার চেষ্টা চালাচ্ছেন। উল্লেখ্য যে তিনি করোনা নামক মহামারীতে অসহায়,ক্ষুধার্ত মানুষের পাশে থেকে আর্থিক ভাবে সহযোগীতা করে এলাকার বহু মানুষের ভালবাসায় সিক্ত হয়েছেন

আমদাহ ইউনিয়নের ৩ নং ওয়ার্ডের বিভিন্ন প্রান্তে ঘুরে দেখা যায়

তিনি বর্তমানেও অসহায়, নির্যাতিত, অবহেলিত মানুষদের পাশে অবস্থান নেয়ার প্রাণপন চেষ্টা চালাচ্ছে। নির্বাচন সামনে রেখে কৌশল অবলম্বন করে ছোট ছোট আয়োজনের মাধ্যমে তার বেশ ভুষণ ইতিমধ্যে এলাকার সর্বস্থরের লোকজনদেরকে জানান দিয়েছে। উঠান বৈঠকের মাধ্যমে সম্ভাব্য মেম্বার পদপ্রার্থী তার পরিচিতি ও প্রার্থী হওয়ার ইচ্ছা পোষণ করছেন এলাকার সকল শ্রেণীর লোকদের মাঝে। গনসংযোগের পাশাপাশি পোষ্টার, ব্যানার, লিপলেট টাঙ্গিয়ে শুরু হয়েছে তার নির্বাচনী প্রচারনা, এলাকায় চলছে ইউপি নির্বাচনী হাওয়া।

মেহেরপুরে তথ্য অফিস আয়োজনে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ শীর্ষক মতবিনিময় সভা

মেহেরপুর জেলা তথ্য অফিসের আয়োজনে ও জেলা প্রশাসনের সহযোগিতায় ‘স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে আমাদের করণীয়’ শীর্ষক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (২ মার্চ) জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক ড.মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক ইব্রাহিম শাহিন, মেহেরপুর বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষপদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক।

এসময় অতিথিরা তাদের বক্তব্যে বলেন বাংলাদেশ নির্মাণে প্রান্তিক পর্যায়ে নাগরিকদের স্মার্ট হওয়া খুব জরুরী ও স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে করণীয় সম্পর্কে তারা তাদের নিজ নিজ মূল্যবান মতামত প্রদান করেন।

জেলা তথ্য অফিসার মোঃ আব্দুল্লাহ আল মামুন তার ধারণাপত্র

উপস্থাপনায় ‘স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে আমাদের কি করণীয়’ ও স্মার্ট বাংলাদেশের চারটি ভিত্তি- স্মার্ট নাগরিক, স্মার্ট সরকার, স্মার্ট সমাজ এবং স্মার্ট অর্থনীতির ব্যাপারে বিস্তারিত ধারণা প্রদান করেন। এছাড়াও স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের করণীয় সম্পর্কে গুরুত্বপূর্ণ মতামত ও বিশেষ সংযোজন হিসেবে আগামীর স্মার্ট বাংলাদেশ কেমন হবে এই সম্পর্কিত ভিডিও প্রদর্শন করা হয়।

শেষে সভাপতির বক্তব্যে জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান বলেন, স্মার্ট বাংলাদেশ কেমন হবে এবং ডিজিটাল বাংলাদেশ ও স্মার্ট বাংলাদেশের মধ্যে পার্থক্য সুনির্দিষ্টভাবে তুলে ধরেন।

তিনি আরও বলেন স্মার্ট বাংলাদেশে স্মার্টলি সকল সেবা পাওয়া যাবে। এছাড়াও স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সকলকে স্মার্টলি কাজ করার উপর গুরুত্ব আরোপ সহ স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সকলের প্রচেষ্টা ও সহযোগিতা কামনা করেন।

উক্ত মতবিনিময় সভায় জনপ্রতিনিধি, বিভিন্ন পর্যায়ের সরকারি কর্মকর্তাগণ, সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে দৈনিক সময়ের আলো’র প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

সত্য প্রকাশে আপসহীন দৈনিক সময়ের আলোর উত্তরোত্তর সাফল্য ও সার্বিক মঙ্গল কামনা করে মেহেরপুরে ৪র্থ প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে।

বৃহস্পতিবার বেলা ১১ টায় মেহেরপুর জেলা পরিষদ সভাকক্ষে আলোচনা সভা ও কেক কাটার মধ্যদিয়ে অনুষ্ঠান সম্পন্ন হয়।

সময়ে আলোর মেহেরপুর জেলা প্রতিনিধি তৌহিদ উদ দৌলা রেজার সভাপতিত্বে ও আরটিভি জেলা প্রতিনিধি মাজেদুল হক মানিকের সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান এডভোকেট আব্দুস সালাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা আনিসুর রহমান, গাংনী প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব আলম, মেহেরপুর প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক রফিকুল আলম।

এ সময় গাংনী প্রেসক্লাবের সহসভাপতি মজনুর রহমান আকাশ, মাছরাঙ্গা টেলিভিশনের প্রতিনিধি বেনইয়ামিন মুক্ত, প্রথম আলো প্রতিনিধি আবু সাঈদ, বাংলাদেশ প্রতিদিনের প্রতিনিধি মাহাবুবুল হক পোলেন, বাংলা টিভি প্রতিনিধি আক্তারুজ্জামান, দৈনিক লাখো কন্ঠের প্রতিনিধি রফিকুল আলম বকুল, ভোরের ডাক প্রতিনিধি জুরাইস ইসলাম, গ্লোবাল টিভি প্রতিনিধি রাব্বি আহমেদসহ জেলার ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

মুজিবনগরের বাগোয়ান ইউনিয়নে ভি ডব্লিউ বি খাদ্য শষ্যের কার্ড বিতরণ

মুজিবনগরে বাগোয়ান ইউনিয়ন পরিষদের উদ্যোগে ভি ডব্লিউ বি এর আওতায় হতদরিদ্র মহিলাদের মাঝে ২৪ মাসের চাউলের কার্ড বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার বেলা ১১ টার দিকে ইউনিয়ন পরিষদ চত্বরে এই কার্ড বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

বাগোয়ান ইউপি ৬ নম্বর ওয়ার্ড সদস্য বাবুল মল্লিক এর সঞ্চালনায় এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেনের সভাপতিত্বে কার্ড বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা যুব মহিলা লীগের সভানেত্রী তকলিমা খাতুন, ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান সোহরাব উদ্দিন, আফরোজা রোজ।

এছাড়াও উপস্থিত ছিলেন ওয়ার্ড সদস্য রকিবউদ্দীন, রফিকুল ইসলাম,

রিপন,সিবাস্তিন মল্লিক ঝড়ু, সংরক্ষিত সদস্য মাবিয়া খাতুন, মরিয়ম খাতুন।

ভি ডব্লিউ বি এবার বাগোয়ান ইউনিয়নের ৪২৬ জন অসহায় দরিদ্র পরিবার বিনামূল্যে মাসিক ৩০ কেজি করে ২৪ মাস সরকারী চাউল পাবেন।

মুজিবনগরে জাতীয় ভোটার দিবস উপলক্ষে র্যালী ও আলোচনা সভা

“ভোটার হব নিয়ম মেনে, ভোট দিব যোগ্যজনে” এই এই প্রতিপাদ্যে মুজিবনগর পালন হয়েছে জাতীয় ভোটার দিবস-২০২৩।

জাতীয় ভোটার দিবস উপলক্ষে বৃহস্পতিবার সকালে মুজিবনগর উপজেলা চত্বর থেকে উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাসের নেতৃত্বে একটি র্যালী বের করা হয় র্যালীটি সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা চত্বরে শেষ হয়।

পরে উপজেলা নির্বাচন অফিসের আয়োজনে উপজেলা পরিষদ অডিটোরিয়ামে ভোটার দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাচন অফিসার মেহেদী হাসান এর সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস।

উপস্থিত ছিলেন উপজেলা একাডেমিক সুপারভাইজার হাসনাইন করিমসহ উপজেলা নির্বাচন অফিস এবং উপজেলার কর্মকর্তা কর্মচারি বৃন্দ।

মুজিবনগরে সাবেক এমপি প্রফেসর আব্দুল মান্নানের গণসংযোগ

আগামী জাতীয় নির্বাচনে নৌকা মার্কায় ভোট দিয়ে প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনাকে পুনরায় নির্বাচিত করে উন্নয়নের ধারাকে অব্যাহত রাখতে নৌকা প্রতীকে ভোট চেয়ে গনসংযোগ করেছেন মেহেরপুর ১ আসনের আওয়ামীলীগের (সাবেক) এমপি প্রফেসর আব্দুল মান্নান।

বুধবার বিকেল থেকে তিনি কেদারগঞ্জ বাজার, বল্লভপুর, রতনপুর, বাগোয়ান, জয়পুর, তারানগর ও আনন্দবাসের এই গণসংযোগ করেন।

এ সময় তিনি সাধারণ জনগণের মাঝে প্রধানমন্ত্রীর শেখ হাসিনার উন্নয়নমূলক কর্মকান্ড তুলে ধরেন এবং এই উন্নয়নের ধারাকে অব্যাহত রাখার জন্য আগামী জাতীয় নির্বাচনে নৌকা প্রতীকে ভোট দিয়ে আবারো আওয়ামীলীগ তথা শেখ হাসিনাকে ক্ষমতায় এনে তার হাত ধরে বাংলাদেশ কে বিশ্বের এক মর্যাদা পূর্ণ স্থানে আসিন করার আহ্বান জানান।

মেহেরপুরে সড়ক সম্প্রসারণের জন্য অবৈধ স্থাপনা উচ্ছেদ শুরু

মেহেরপুরে বিভিন্ন সময় গড়ে ওঠা সড়ক ও জনপদের জায়গায় অবৈধ স্থাপনা উচ্ছেদ করা হয়েছে। বুধবার সকাল থেকে বিকাল পর্যন্ত মেহেরপুর শহরের পুরাতন বাসস্ট্যান্ড থেকে শুরু করে ওয়াবদার মোড় হয়ে দিঘির পাড়া পর্যন্ত অবৈধ স্থাপনা বুলডোজার দিয়ে গুড়িয়ে দেয়া হয়।

গত ১ সপ্তাহ যাবত স্থাপনা সরিয়ে নেওয়ার জন্য গণ-বিজ্ঞপ্তি জারি ও মাইকিং করা হচ্ছে। নির্ধারিত সময়ের মধ্যে যারা স্থাপনা সরিয়ে নেয়নি তাদের স্থাপনা উচ্ছেদ করা হয়েছে।

সড়ক ও জনপদ বিভাগের খুলনা বিভাগীয় উপ-সচিব ও আইন কর্মকর্তা অনিন্দ্যিতা রায়’র নেতৃত্বে অবৈধ স্থাপনা উচ্ছেদ অভিযানে

মেহেরপুর সড়ক ও জনপদ বিভাগের কর্মকর্তাসহ পুলিশ, ফায়ার সার্ভিসের সদস্যরা অংশগ্রহণ করেন। মেহেরপুর শহরের পুরাতন বাসস্ট্যান্ড মোড় এলাকা থেকে শুরু করে ওয়াবদার মোড়, মেহেরপুর-২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের সামনে এবং কুষ্টিয়া সড়কের দিঘীরপাড়া পর্যন্ত প্রথম দিনে উচ্ছেদ অভিযান চলে।

সড়ক ও জনপদ বিভাগের খুলনা বিভাগীয় উপ-সচিব ও আইন কর্মকর্তা অনিন্দ্যিতা রায় জানান, সরকার মেহেরপুর -কুষ্টিয়া সড়ক চারলেনে প্রশস্থকরণ কাজ শুরু করেছে । সে কারণে মেহেরপুর কুষ্টিয়া সড়কের ৩০ কিলোমিটারে অবস্থিত রাস্তার দুইপাশের সকল অবৈধ স্থাপনা ও ফুটপাত দখলদারদের উচ্ছেদ করতে জেলা প্রশাসন, পুলিশ ও ফায়ার সার্ভিসের সদস্যদের নিয়ে এই অভিযান পরিচালনা করা হচ্ছে।

তিনি আরো জানান, আগামী ৪ দিন এ উচ্ছেদ অভিযান চালিয়ে ৩০ কি:মি: সড়ক দখলমুক্ত করা হবে।মেহেরপুর- কুষ্টিয়া চারলেন সড়ক নির্মান কাজের জন্য মুলত এই অভিযান। উচ্ছেদ অভিযান পরিচালনা করার আগে সকল ব্যবসা প্রতিষ্ঠান ও দখলদারদের নোটিশ প্রদান করা হয়।

অভিযানকালে মেহেরপুর সড়ক ও জনপথ বিভাগের নির্বাহী প্রকৌশলী মনজুরুল করিম, উপ-সহকারী প্রকৌশলী মিজানুর রহমানসহ জেলা প্রশাসন, পুলিশ বিভাগ ও ফায়ার সার্ভিসের টিম উপস্থিত ছিলো।